

হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বয়সের ফযীলত ও বয়স্কের সম্মান রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১. বৃদ্ধের সম্মান আল্লাহর সম্মান

কুরআন ও হাদীসে বিভিন্ন সামাজিক শিষ্টাচারের শিক্ষা দেওয়া হয়েছে। তন্মধ্যে অন্যতম হলো, বয়স্কদের সম্মান করা। বিভিন্ন হাদীসে যার বয়স বেশি তাকে আগে কথা বলার সুযোগ দেয়া, কোনো দ্রব্য তার হাতে আগে দেয়া বা অনুরূপ সামাজিক কর্মে ও সম্মানে অগ্রাধিকার দেয়ার নির্দেশ দেওয়া হয়েছে। সাধারণভাবে বয়স্ক ও বৃদ্ধদেরকে সম্মান করতে নির্দেশ দেওয়া হয়েছে। এ বিষয়ে সহীহ হাদীসের মধ্যে রয়েছে:

"যে ব্যক্তি আমাদের মধ্যকার ছোটদের মমতা না করবে এবং বড়দের অধিকার না জানবে (বড়দের সম্মান না করবে) সে আমাদের দলভুক্ত নয়।"

অন্য হাদীসে রাসূলুল্লাহ (ৠৄৄৄৄি) বলেন:

''আল্লাহকে মর্যাদা প্রদর্শনের অংশ হলো শুভ্রতাময় (সাদা চুল-দাড়ি ওয়ালা) বৃদ্ধ মুসলিমকে সম্মান করা…।''

১. বৃদ্ধের সম্মান আল্লাহর সম্মান

কিন্তু অন্যান্য বিষয়ের মত এ বিষয়েও জালিয়াতগণ জাল হাদীস তৈরি করেছে। এ বিষয়ক জাল বা অত্যন্ত দুর্বল হাদীসগুলোর মধ্যে রয়েছে:

"তোমরা শাইখ বা বৃদ্ধ মানুষদেরকে সম্মান করবে; কারণ বৃদ্ধদের সম্মান করা আল্লাহর সম্মানের অংশ।" এ হাদীসটির অর্থ উপরের নির্ভরযোগ্য হাদীসগুলোর কাছাকাছি। তবে এ শব্দে কোনো হাদীস বর্ণিত হয় নি। মুহাদ্দিসগণ একমত যে হাদীসটি জাল।

ফুটনোট

- [1] হাকিম, আল-মুসতাদরাক ১/১৩১; মাকদিসী; আল-মুখতারাহ ৮/৩৬২; তিরমিযী, আস-সুনান ৪/৩২১-৩২২।
- [2] আবূ দাউদ, আস-সুনান ৪/২৬১; আলবানী, সহীহুল জামি ১/৪৩৮ (২১৯৯)



[3] ইবনু আর্রাক, তানযীহুশ শারীয়াহ ২০৭।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5039

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন